চার খাতে বাংলাদেশি কর্মী নিয়োগে আগ্রহী কাতার



সংগৃহীত ছবি

বাংলাদেশ থেকে দক্ষ জনশক্তি নিতে আগ্রহ দেখিয়েছে কাতার। বিশেষ করে ইলেকট্রিশিয়ান, ওয়েল্ডিং, এসি টেকনিশিয়ান ও প্লাম্বিং খাতে কর্মী নেওয়ার বিষয়ে ইতিবাচক অবস্থানের কথা জানিয়েছে দেশটি।

সম্প্রতি দুই দেশের যৌথ বৈঠকে এ বিষয়ে আলোচনা হয়। সেখানে বাংলাদেশ থেকে আরও বেশি কর্মী পাঠানোর বিষয়টি গুরুত্ব পায়। পাশাপাশি কাতারে ইমাম ও মুয়াজ্জিন নিয়োগের সংখ্যাও বাড়ানোর অনুরোধ জানিয়েছে বাংলাদেশ, এতে সম্মতি দিয়েছে কাতার।

বৈঠকে আরও বলা হয়, ভবিষ্যতে বাংলাদেশিদের জন্য নতুন নতুন কর্মক্ষেত্র তৈরির বিষয়ে কাতারের ইতিবাচক মনোভাব রয়েছে।

এদিকে বাংলাদেশে বর্তমানে কাতারের মাত্র একটি ভিসা সেন্টার থাকায় ভোগান্তিতে পড়ছেন আবেদনকারীরা। তাই আরও কয়েকটি ভিসা সেন্টারের অনুমোদন চেয়েছে ঢাকা। সংশ্লিষ্টরা জানিয়েছেন, বিষয়টি দুই দেশের যৌথ ওয়ার্কিং গ্রুপের বৈঠকে আলোচনা করে সিদ্ধান্ত জানাবে কাতার।

এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষ থেকে বলা হয়েছে, ভিসা প্রক্রিয়াকরণে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানগুলো যেন সাধারণ মানুষকে হয়রানি না করে, সে বিষয়েও নজর দেওয়া হবে।